

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩০.১৭.

তারিখ: ১৩ চৈত্র ১৪২৪  
২৭ মার্চ ২০১৮

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি জনাব মোঃ আবদুল মোনায়েম (৯৪১০) প্রাক্তন সহকারি অধ্যাপক (ইংরেজি), বান্দরবান সরকারি কলেজ, বান্দরবান গত ২৪/০৪/২০১১ তারিখ হতে তননুমোদিভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় বিধি অনুযায়ী তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগটি বিধি অনুযায়ী তদন্ত করা হয়। তদন্তে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) এবং ৩(সি) মোতাবেক 'অসদাচরণ' এবং 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয়েছে;

সেহেতু, আপনি জনাব মোঃ আবদুল মোনায়েম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ প্রমাণ হওয়ায় কেন উক্ত বিধিমালার ৪(৩)(ডি) অনুসারে আপনাকে "চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" দণ্ড বা অন্য কোন দণ্ড দেয়া হবে না তার জবাব একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো। এতৎসঙ্গে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রেরিত প্রতিবেদনের একটি কপিও যুক্ত করা হলো।

স্বাক্ষরিত/-

তারিখ: ২৭.০৩.২০১৮  
(মোঃ সোহরাব হোসাইন)  
সচিব

সংযুক্ত: প্রতিবেদন ০৩ (তিন) পাতা।


জনাব মোঃ আবদুল মোনায়েম (৯৪১০)  
সহকারি অধ্যাপক (ইংরেজি)  
বান্দরবান সরকারি কলেজ, বান্দরবান।  
স্থায়ী ঠিকানা:  
জনাব মো: আবদুল মোনায়েম  
পিতা- মো: আবদুল আজিজ  
মাতা- জোবেদা খাতুন  
গ্রাম-বানর হাওলা, ডাকঘর: কাপাসিয়া  
থানা-কাপাসিয়া, জেলা-গাজীপুর।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩০.১৭. ১৭৫/১(২)

তারিখ: ১৩ চৈত্র ১৪২৪  
২৭ মার্চ ২০১৮

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
২৭/০৩/২০১৮  
(জাকিয়া খানম)  
যুগ্মসচিব